

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা সমবায় কার্যালয়



কক্সবাজার

www.coop.coxsbazar.gov.bd

জেলা সমবায় কার্যালয়, কক্সবাজার এর তথ্য অধিকার বিষয়ক কমিটির জানুয়ারী-মার্চ/২০২৩ খ্রি. মাসের ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

আহ্বায়ক : মো: জহির আব্বাস
জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়, কক্সবাজার।
সভার তারিখ : ২৩/০৩/২০২৩ খ্রি.
সময় : বেলা ৩.০০ ঘটিকা
স্থান : জেলা সমবায় কার্যালয়, কক্সবাজার।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মো: জহির আব্বাস জেলা সমবায় অফিসার, কক্সবাজার	সভাপতি	
২	জনাব সুকান্ত সেন অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় কার্যালয়, কক্সবাজার।	সদস্য	
৩	জনাব মো: দিদারুল ইসলাম, পরিদর্শক- জেলা সমবায় কার্যালয়, কক্সবাজার।	সদস্য সচিব	

অধ্যকার সভা সভার আহ্বায়ক জনাব মো: জহির আব্বাস জেলা সমবায় অফিসার, কক্সবাজার এর সভাপতিত্বে তথ্য অধিকার সংক্রান্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় ফোকাল পয়েন্টকে বিষয়ভিত্তিক আলোচনা করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। অত:পর সদস্য সচিব/ফোকাল পয়েন্ট নিম্নমতে বিষয় ভিত্তিক আলোচনা আরম্ভ করেন।

(১) তথ্য অধিকার সংক্রান্ত কমিটির বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা পাঠ করে শুনান। বিগত সভার সিদ্ধান্ত সমূহ শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং কাহারো পক্ষ হতে কোন আপত্তি উপস্থাপিত না হওয়ায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

(২) সভায় ফোকাল পয়েন্ট অবহিত করেন ২য় প্রান্তিকে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


(৩) সভায় ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদকরে ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে আগামী ৩১/১২/২০২২ খ্রি. তারিখে মধ্যে যাবতীয় স্বত:প্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদকরে ওয়েবসাইটে প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) সভায় ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণ লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে আগামী ৩১/১২/২০২২ খ্রি. তারিখে মধ্যে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/হালনাগাদকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) সভায় ফোকাল পয়েন্ট অবহিত করেন ২য় তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা প্রবিধানমালা, স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে আগামী ১৯/০৯/২০২২ খ্রি. তারিখে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(৬) সভায় ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপরোক্ত সিদ্ধান্তসমূহে দ্রুত বাস্তবায়নের জন্য ফোকাল পয়েন্টকে ক্ষমতা প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: জহির আব্বাস
জেলা সমবায় অফিসার,
কক্সবাজার

